



বিজ্ঞপ্তি

এতদ্বারা এই বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের শিক্ষার্থী শ্রেয়া দে নিধি (আইডি: ২০২১১৭০২৯)-সহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭২৯৪/২০২৬ এর আদেশের প্রেক্ষিতে ১৪/০৬/২০২৬ তারিখে অনুষ্ঠিত ডীনস কমিটির ১০০তম সভার সিদ্ধান্ত মোতাবেক তাকে তার লেভেল-২ টার্ম-১ এর ফেলকৃত বিষয়সমূহ (FEEE, FME, YM, TTQC, MMTF) অন্য বিভাগের সাথে লেভেল-২ টার্ম-২ চূড়ান্ত পরীক্ষা-২০২৫ এ রিটেক হিসাবে ১২/০৫/২০২৬ তারিখে প্রকাশিত পরীক্ষা রুটিন অনুসারে অংশগ্রহণের জন্য স্পেশাল এন্ট্রি ফর্ম পূরণের নির্দেশ প্রদান করা হলো।

তাকে বর্ণিত লেভেল ও টার্মে ১/২ টি ফেলকৃত বিষয়ের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অথবা ৩/৪ টি ফেলকৃত বিষয়ের জন্য ২,১০০/- (দুই হাজার একশত) টাকা বুটেক্স এর ওয়েবসাইট <http://www.butex.edu.bd> ওপেন করে Fees Payment→ Other Fee→ BSc→ Description→ Re-take (1-2) Subject/Re-take (3-4) Subject এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি (স্টুডেন্ট আইডি লিখে সার্চ করলে বিস্তারিত তথ্য আসবে) দিয়ে Sonali Payment Gateway এর মাধ্যমে সোনালী ব্যাংক এর একাউন্ট টু একাউন্ট, সোনালী-ই-ওয়ালেট, ভিসা কার্ড, মাস্টার কার্ড, এমেজ কার্ড, নেফ্রাস কার্ড (ডিবিবিএল), বিকাশ, নগদ, রকেট, উপায় অথবা ট্যাপ এর মাধ্যমে নির্ধারিত ফি আগামী ১৭/০৬/২০২৬ তারিখের মধ্যে জমা দিয়ে বুটেক্স এর ওয়েব সাইট <http://www.butex.edu.bd> এর Downloadable Form থেকে এন্ট্রি ফর্ম ও এডমিট কার্ড Download করতে হবে। ডাউনলোডকৃত এন্ট্রি ফর্ম ও এডমিট কার্ড যথাযথভাবে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষর গ্রহণপূর্বক সংশ্লিষ্ট বিভাগে জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য যে, বর্ণিত সকল ক্ষেত্রে নির্ধারিত অনলাইন চার্জ শিক্ষার্থীকে প্রদান করতে হবে। অনলাইন ফি জমা দেওয়ার পর জমা রশিদ প্রিন্ট করে পূরণকৃত এন্ট্রি ফর্ম এর সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

পূরণকৃত এন্ট্রি ফর্ম জমা দেওয়ার সময় নিম্নবর্ণিত কাগজপত্র ফরমের সাথে সংযুক্ত করতে হবে:

- (১) টাকা জমা দেওয়ার রশিদ;
- (২) হল ও লাইব্রেরী ক্লিয়ারেন্স স্লিপ;
- (৩) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি।

এন্ট্রি ফর্ম পূরণ করার সময় খুব সতর্কতার সহিত পূরণ করতে হবে। শিক্ষার্থীদেরকে এন্ট্রি ফর্মে সিলেবাস অনুযায়ী বিষয়সমূহের কোডসহ সম্পূর্ণ নাম সুস্পষ্ট ও নির্ভুলভাবে লিখতে হবে এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান করতে হবে।

স্বাক্ষরিত/-

(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

তারিখঃ ১৬/০৬/২০২৬ খ্রিঃ

স্মারক নংঃ বুটেক্স/একা/৩৭(অংশ-৬)/২০২৫/৩৪৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:


- ১। ডীন, সকল অনুষদ, বুটেক্স।
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, বুটেক্স।
- ৩। প্রভোস্ট, সকল হল, বুটেক্স।
- ৪। পরিচালক (শিক্ষার্থী কল্যাণ), বুটেক্স।
- ৫। প্রক্টর, বুটেক্স।

একাডেমিক শাখা, রেজিস্ট্রার কার্যালয়
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোন নং: +৮৮০২-৪৮১১২৪৪২।
Website: www.butex.edu.bd



Academic Section, Office of the Registrar
Bangladesh University of Textiles
Tejgaon, Dhaka-1208.
Phone No: +8802-48112442.
E-mail: academic@regioffice.butex.edu.bd

- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর, বুটেক্স।
- ৭। উপ-পরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব দপ্তর, বুটেক্স।
- ৮। ডেপুটি জেনারেল ম্যানেজার, গভঃ একাউন্টস এন্ড সার্ভিসেস ডিভিশন (সার্ভিসেস ডিপার্টমেন্ট), প্রধান কার্যালয়, সেনানলী ব্যাংক লিঃ, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৯। আইসিটি সেল (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), বুটেক্স।
- ১০। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ভিসি দপ্তর, বুটেক্স।
- ১১। লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত), সেন্ট্রাল লাইব্রেরী, বুটেক্স।
- ১২। বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড/সকল হল নোটিশ বোর্ড, বুটেক্স।
- ১৩। সংশ্লিষ্ট নথি।


(মুহাম্মদ শফীকুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)